



তারিখ : ৩০ জুন, ২০২১

স্মারক নং : রিহাব /২০২১/১০৮৮৯

বরাবর

রিহাবের সকল সম্মানিত সদস্য

বিষয় : বসুন্ধরা আবাসিক এলাকায় রিহাব সদস্যদের প্রকল্পের নির্মাণে হ্রাসকৃত "ডকুমেন্টেশন ফি"র সুপারিশ পত্র গ্রহণে রিহাবকে সার্ভিস চার্জ প্রদান করা প্রসঙ্গে।


জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বসুন্ধরা আবাসিক এলাকায় রেজিস্ট্রিকৃত আম-মোজারনামা বলে গৃহীত ভবন নির্মাণ প্রকল্পের ডকুমেন্টেশন-ফি/Acceptance-Fee বৃদ্ধি করার প্রেক্ষিতে রিহাব সভাপতির নেতৃত্বে বসুন্ধরা কর্তৃপক্ষের সাথে বৈঠক করা হয়। অতঃপর নিম্ন লিখিত সিদ্ধান্ত হয় "শুধু মাত্র রিহাব সদস্য প্রতিষ্ঠানের প্রকল্প সমূহের ডকুমেন্টেশন-ফি/ Acceptance-Fee থেকে ২০% হ্রাসকৃত হারে আবেদন পত্র গ্রহণ করা হবে। তবে রিহাব সদস্যদের এই আবেদন পত্রের তালিকা রিহাব সভাপতি কর্তৃক সুপারিশকৃত হতে হবে"।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল রিহাব সদস্যদের দৃষ্টি আর্কষণ করা হচ্ছে, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে বসুন্ধরা আবাসিক এলাকায় গ্রহণকৃত প্রকল্পের ডকুমেন্টেশন ফি হ্রাস করার আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে আগামী ১ আগস্ট ২০২১ থেকে সার্ভিস চার্জ হিসেবে কাঠা প্রতি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা রিহাব বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করে বসুন্ধরা আবাসিক এলাকার আবেদনপত্র বা তথ্যাদি রিহাব সচিবালয়ে প্রেরণ করার মাধ্যমে সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে


আলমগীর শামসুল আলামিন (কাজল)
প্রেসিডেন্ট, রিহাব।

সংযুক্তি :

১) বসুন্ধরা আবাসিক এলাকায় ভবন নির্মাণে হ্রাসকৃত Acceptance Fee গ্রহণের জন্য প্রকল্পের বিস্তারিত তথ্য ফর্ম।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : National Plaza (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargoan Road, Dhaka-1205, Tel : 88-02-9662482
9677877, 9663458, 9669897, 9662114, Fax : 88-02-9614606, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org
Chattogram Regional Office : VIP Tower (2nd Floor), 125 Chatteweshary Road, Kazir Dewri, Chattogram, Bangladesh.

রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের প্যাডে নমুনা পত্র

তারিখ :

বরাবর

প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট এন্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)।

বিষয়ঃ বসুন্ধরা আবাসিক এলাকায় ভবন নির্মাণ প্রকল্পের ২০% হ্রাসকৃত মূল্যে **Acceptance Fee** গ্রহণের জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি.....(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম) এর পক্ষে.....ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর অনুকূলে সাব-রেজিস্ট্রি অফিস-ঢাকা কর্তৃক রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিল নং-.....মূলে আম-মোক্তার গ্রহীতা হিসেবে উক্ত প্লটের উপর ভবন নির্মাণ সহ যাবতীয় কাজ করার জন্য নিযুক্ত হয়েছি; যাহার প্লট নং-..... রোড নং-..... ব্লক নং-.....বসুন্ধরা আবাসিক এলাকা ঢাকা জমির পরিমাণ..... কাঠা।

বসুন্ধরা আবাসিক এলাকা রিহ্যাব সদস্যের ভবন নির্মাণে হ্রাসকৃত আম-মোক্তার দলিলে **Acceptance Fee** গ্রহণের জন্য প্রকল্পের বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলোঃ

ক্রমিক নং	রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম	রিহ্যাব সদস্য নং	প্রকল্পের নাম	বসুন্ধরা প্রকল্প ফাইল নং	বসুন্ধরা প্লট নং	ব্লক নং	রোড নং	প্রকল্পের মোট জমির পরিমাণ
১				P1 -				
২				P2 -				

অতএব.....(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম) এর নামে উল্লিখিত প্লটটির বসুন্ধরা আবাসিক এলাকায় ভবন নির্মাণ প্রকল্পের ২০% হ্রাসকৃত মূল্যে **Acceptance Fee** গ্রহণের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

ব্যবস্থাপনা পরিচালক

.....

(রিহ্যাব সদস্য প্রতিষ্ঠানের নাম)

সংযুক্তি : ১. রিহ্যাব সদস্য সনদ (আপডেট সনদ)

সিলের জন্য জায়গা রাখতে হবে

সিলের জন্য জায়গা রাখতে হবে

বসুন্ধরা আবাসিক এলাকায় রিহাব সদস্যদের ভবন নির্মাণ প্রকল্পের
জন্য হ্রাসকৃত Acceptance Fee প্রসঙ্গে তথ্যাবলী

- ১.রিহাব প্রেসিডেন্ট বরাবর “ভবন নির্মাণ প্রকল্পের Acceptance Fee গ্রহণের ২০% হ্রাসকৃত মূল্যে বসুন্ধরা আবাসিক এলাকায়” আবেদন পত্র তথ্য সহ প্রদান করতে হবে।
- ২.কাঠা প্রতি ৫০০০(পাঁচ) হাজার টাকা রিহাব বরাবর “REHAB” নামে পে-অর্ডার জমা প্রদান করতে হবে।
- ৩.বসুন্ধরা প্রজেক্টের তথ্য ফরম নির্ভুল ভাবে পূরণ করতে হবে।
- ৪.বসুন্ধরা প্রকল্পের ফাইল নম্বর অবশ্যই পত্রের সঙ্গে উল্লেখিত তথ্যের সাথে সংযুক্ত করতে হবে।(P1.....),(P2.....)
- ৫.রিহাব সদস্য সনদপত্র (সর্বশেষ) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।